২২৯

দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 1 0 19[illegible] ...
পৃষ্ঠা ৫ কলাম ৬

বুধবার সব ভার্সিটিতে ধর্মঘট

# সরকারের শিক্ষা সংকোচন পরিকল্পনা বাস্তবায়নের ফলে ছাত্র অধিকার সংকুচিত হচ্ছে

—সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট

প্রেস বিজ্ঞপ্তি ঃ অবিলম্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, বর্ধিত ফি প্রত্যাহার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পরিবহন ব্যবস্থা চালু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬০ সন্ত্রাসীর নাম ও দলীয় পরিচয় প্রকাশ, রাজশাহী বিশ্ববিদ্যালয় শিবিরের দখলমুক্ত করা, ১১ জন ভাইস চ্যান্সেলরের বক্তব্য প্রত্যাহারের দাবীতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের উদ্যোগে গতকাল বেলা ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন সংগঠন কেন্দ্রীয় কমিটির সদস্য ছাত্র নেতা খোকন দাস, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ছাত্র নেতা সাজেদুল হক রোমেল। বক্তারা বলেন, "সরকারের শিক্ষা সংকোচনের যে পরিকল্পনা তা বাস্তবায়ন করতে গিয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দফায় দফায় বেতন ফি বৃদ্ধি করা হচ্ছে এবং ছাত্র অধিকার সংকোচন করা হচ্ছে।"

নেতৃবৃন্দ ছাত্র অধিকার হরণের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়সমূহে ঘোষিত ছাত্র ধর্মঘট সফল করার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহবান জানান।